



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১১২৯৩৩১/নেত্রকোনা-১৮/৩৪৮৭/৭

তারিখ: ০১.২০২০খ্রি.

বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নেত্রকোনা জেলার বারহাটা উপজেলাধীন তিলসুন্দর ও এস দাখিল মাদ্রাসার ভোটার তালিকা প্রণয়নে অনিয়মের বিষয়ে অভিভাবক সদস্য জনাব মো: জয়নাল গং অত্র বোর্ডে একটি অভিযোগ দাখিল করেছেন। অভিযোগে তিনি উল্লেখ করেন-উক্ত মাদ্রাসার ম্যানেজিং কমিটির নির্বাচনের পর মাদ্রাসা প্রধান তাদের সাথে কোন প্রকার আলাপ-আলোচনা না করে সকলের মতামত উপেক্ষা করে নিজ হীনস্বার্থ চরিতার্থ করার লক্ষ্যে ভুয়া ভোটার তালিকা সৃজন ও দু' রকমের ভোটার তালিকা প্রণয়ন করে বোর্ডে অত্র কমিটির অনুমোদনের প্রস্তাব প্রেরণ করেন (কপি সংযুক্ত)।

বর্ণিত অবস্থায় অভিযোগসহ সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক (০৪/০৩) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


০৬.০১.২০২০

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬১২৮৫৮

উপজেলা নির্বাহী অফিসার
বারহাটা, নেত্রকোনা।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১১১১২৯৩৩১/নেত্রকোনা-১৮/ /

তারিখ: ০১.২০২০খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নেত্রকোনা;
২. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বারহাটা, নেত্রকোনা;
৩. সভাপতি, তিলসুন্দর ও এস দাখিল মাদ্রাসা, ডাকঘর: ফকিরের বাজার, বারহাটা, নেত্রকোনা;
৪. সুপার, তিলসুন্দর ও এস দাখিল মাদ্রাসা, ডাকঘর: ফকিরের বাজার, বারহাটা, নেত্রকোনা;
৫. জনাব মো: জয়নাল (অভিযোগকারী), গ্রাম: তিলসুন্দর, ডাকঘর: ফকিরের বাজার, বারহাটা, নেত্রকোনা;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।


৬/১/২০২০

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৭৪৮৭৪

বরাবর,

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড

ঢাকা।

বিষয় : প্রকৃত অভিভাবকের নাম ভোটার তালিকা অন্তর্ভুক্ত না করে ভূয়া অভিভাবক ও দুই রকমের ভোটার তালিকা দিয়ে গঠন করা কমিটি অনুমোদন না করা প্রসঙ্গে।

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমরা নিম্নস্বাক্ষরকারীগণ নেত্রকোনা জেলার বারহাটা উপজেলাধীন তিলসিন্দুর ও এস দাখিল মাদরাসা অভিভাবকবৃন্দ। উক্ত মাদরাসার ম্যানেজিং কমিটি গঠন করলে সুপার সাহেব বিভিন্ন জালিয়াতি ও পাতানো ভোটার তালিকার মাধ্যমে ম্যানেজিং কমিটি গঠন করেছেন। যা আমাদেরকে খুবই দুঃখিত করেছে। নিম্নে কয়েকটি জালিয়াতি পেশ করা হলো।

১) দুই ধরনের ভোটার তালিকা প্রকাশ।

(২) হাতের লিখা তালিকা প্রার্থীদের কাছে বিক্রয় করে নির্বাচনের আগের দিন সেই তালিকা পরিবর্তন করে কম্পোজ কপি দিয়ে ভোট গ্রহণ। হাতের লিখা ভোটার তালিকায় নাম আছে কিন্তু কম্পোজ কপিতে ভোটার তালিকায় নাম নাই।
যেমন, আমিরুল শ্রেণি- ৮ম, পিতা: মিয়া হোসেন, কবির হোসেন, শ্রেণি: ৭ম, পিতা: আব্দুল কদ্দুছ, সাকিবা, শ্রেণি: ৮ম, পিতা: আব্দুল জলিল।

(৩) মাদরাসায় ভর্তি থাকা শর্তে ভোটার তালিকা নাম নাই যেমন- আরিফা আক্তার, শ্রেণি- সপ্তম, পিতা: আরশাদ মিয়া, নাইমা, শ্রেণি: ৭ম, পিতা: সেনালি, শাহীন মিয়া, শ্রেণি: ৭ম, পিতা: শামছু মিয়া, সাকিবা আক্তার শ্রেণি: ৮ম, পিতা: আব্দুল জলিল, শাহিন মিয়া, শ্রেণি: ৭ম, পিতা: ফেরদৌস মিয়া।

৪) প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর, সিল ও তারিখ ছাড়া ভোটার তালিকার পাতা পরিবর্তন।

(৫) ভূয়া ছাত্রীদের ভোটার তালিকায় নাম প্রকাশ, যেমন, ঋতু, শ্রেণি-৫ম, পিতা: আলতু মিয়া, জুলহাস শ্রেণি: ৫ম, পিতা: সমছুল, শারমিন আক্তার-শ্রেণি: ৫ম, পিতা: শহিদ খান, ফয়সাল, শ্রেণি: ১ম, পিতা: মঞ্জু মিয়া, আরিফ ফকির, শ্রেণি: ১ম, পিতা: উজ্জল ফকির, সোহেল, শ্রেণি: ৫ম, পিতা: রুমালী, সাগরিকা, শ্রেণি: ৫ম, পিতা: আব্দুল গফুর এদের মধ্যে কোন শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেনি।

৬) অন্য প্রতিষ্ঠানে ভর্তি ও উপবৃত্তিপ্রাপ্ত ছাত্র/ছাত্রীদের ভোটার তালিকায় নাম প্রকাশ যেমন তামিম আহমেদ, ফাহিমদা, ৪র্থ মাকসুদ রহমান

(৭) হাতের লিখার খসড়া তালিকায় ক্রমিক নং ও তারিখ উল্লেখ নাই।

অতএব জনাবের নিকট বিনীত প্রার্থনা যে, উপরোক্ত অভিযোগ গুলো তদন্ত করে সুপার সাহেবের পাতানো ম্যানেজিং কমিটি বাতিল করে প্রকৃত অভিভাবকের নিয়ে ম্যানেজিং কমিটি যাতে গঠন করা হয় তাহার ব্যবস্থা গ্রহণ করিতে জনাবের সুমর্জি হয়।

নিবেদক

তারিখ: ০২/১২/১৯

- ১। শ্রেণি: সপ্তম
- ২। শাহিনুর রহমান
- ৩। মিজানুর রহমান
- ৪। আব্দুল মিতাল
- ৫। মঞ্জু ফকির

গং

